

# চার দফা দাবিতে শাহবাগ অবরোধ করে ম্যাটস শিক্ষার্থীদের বিক্ষোভ

সংবাদ অনলাইন রিপোর্ট

: বুধবার, ২২ জানুয়ারী ২০২৫



মেডিকেল অ্যাসিস্ট্যান্টস ট্রেনিং স্কুল (ম্যাটস) শিক্ষার্থীরা চার দফা দাবি আদায়ের লক্ষ্যে রাজধানীর শাহবাগ মোড়ে সড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন। তাদের দাবির মধ্যে রয়েছে দশম গ্রেডে শূন্য পদে নিয়োগ, কর্মসংস্থান সৃষ্টির উদ্যোগ এবং সরকারি-বেসরকারি পর্যায়ে নতুন পদ তৈরির দাবি।

বুধবার দুপুর একটার দিকে শাহবাগ মোড়ে অবস্থান নেন ম্যাটস শিক্ষার্থীরা। এতে গুরুত্বপূর্ণ এই মোড়ের যান চলাচল সম্পূর্ণ বন্ধ হয়ে যায় বলে জানিয়েছেন শাহবাগ থানার ওসি মোহাম্মদ খালিদ মনসুর।

ওসি বলেন, "ম্যাটস শিক্ষার্থীরা তাদের দাবিদাওয়া নিয়ে শাহবাগে সড়ক অবরোধ করেছে। এখনো রাস্তা বন্ধ রয়েছে, যানবাহন চলাচল করতে পারছে না।"

ম্যাটস শিক্ষার্থীদের চার দফা দাবি হলো: অবিলম্বে দশম গ্রেডে শূন্য পদে নিয়োগ, কর্মসংস্থান সৃষ্টি এবং সরকারি-বেসরকারি পর্যায়ে নতুন পদ

তৈরির ব্যবস্থা করতে হবে। চার বছরের একাডেমিক কোর্স বহাল রেখে কারিকুলাম সংশোধন করতে হবে এবং ইন্টার্নশিপ ভিত্তিতে নিশ্চিত করতে হবে। প্রস্তাবিত অ্যালায়েড হেলথ প্রফেশনাল বোর্ড বাতিল করে 'মেডিকেল এডুকেশন বোর্ড অব বাংলাদেশ' নামে নতুন বোর্ড গঠন করতে হবে। আন্তর্জাতিক মানদণ্ড ও বিএমএন্ডডিসি স্বীকৃত ক্লিনিক্যাল বিষয়ে উচ্চতর শিক্ষার সুযোগ নিশ্চিত করতে হবে।

বিক্ষোভকারী শিক্ষার্থীরা দাবি করেন, তাদের দাবি বাস্তবায়ন না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে। এদিকে, যান চলাচল বন্ধ হয়ে যাওয়ায় আশপাশের রাস্তায় তীব্র যানজট সৃষ্টি হয়েছে বলে জানিয়েছেন সাধারণ পথচারীরা।